

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের মৌন মিছিল

অনলাইন ডেক্স



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) মৌন মিছিল করেছেন বিশ্ববিদ্যালয়

শাখা ছাত্রদলের নেতাকর্মীরা।

শনিবার (৯ আগস্ট) বিকেলে কেন্দ্রীয় লাইব্রেরি থেকে মিছিলটি

শুরু হয়ে হলপাড়া হয়ে ছাত্র-শিক্ষক কেন্দ্রের (টিএসসিটে) পায়রা

চতুরে অবস্থান নেয়। এ সময় ঢাবি শাখার সাধারণ সম্পাদক

নাহিদুজ্জামান শিপনসহ কেন্দ্রীয় ছাত্রদল নেতাদের উপস্থিতি দেখা

যায়।

সরেজমিনে দেখা যায়, ছাত্রদলের নেতাকর্মীরা কোনো ধরনের

স্নোগান না দিয়ে শুধু হাততালি দিয়ে মিছিল করেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) হলগুলোতে ছাত্রদলের কমিটি

ঘোষণার প্রতিবাদে শুক্রবার মধ্যরাতে হলের শিক্ষার্থীরা বিক্ষোভ

মিছিল করেন। এক পর্যায়ে রোকেয়া হল ও শামসুন্নাহার হলের
একদল ছাত্রী হলের ফটকের তালা ভেঙে বেরিয়ে এসে বিক্ষেপে
যোগ দেন। বিক্ষুল্প শিক্ষার্থীরা ক্যাম্পাসের বিভিন্ন সড়কে মিছিল
করেন। এ সময় তারা ‘ওয়ান টু থ্রি ফোর, হল পলিটিকস নো
মোর’, ‘হলে হলে রাজনীতি চলবে না, চলবে না’ ইত্যাদি স্লোগান
দেন।

পরে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের সামনে
অবস্থান নেন। রাত আড়াইটার দিকে উপাচার্য অধ্যাপক ড. মো.
নিয়াজ আহমদ বাসভবনের সামনে এসে আন্দোলনরত
শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন।

এ সময় প্রস্তর সাইফুল্লাহ আহমেদ ঘোষণা দেন বিশ্ববিদ্যালয়ের
আবাসিক হলে প্রকাশ্য ও গুপ্ত রাজনীতি নিষিদ্ধ থাকবে। এ
ঘোষণার পর শিক্ষার্থীরা হাততালি দিয়ে উচ্ছ্বাস প্রকাশ করেন ও
স্লোগান দেন, ‘এই মুহূর্তে খবর এলো, হল পলিটিকস নিষিদ্ধ
হলো।